



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা  
বেসরকারি কলেজ শাখা  
www.dshe.gov.bd



স্মারক নং- ৭জি-৭২(ক-৩)/০৮/৭৬৬/৪

তারিখ: ১৫ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ  
২৮ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয়: ব্যাখ্যা প্রদান প্রসঙ্গে।

সূত্র : ১) মাউশি'র স্মারক নং- ৭জি-৭২(ক-৩)/০৮/১৪৯৪/৪; তারিখ: ১০/০৪/২০২৩ খ্রি.

২) মাউশি সিলেট অঞ্চলের স্মারক নং-৩৭.০০.০০০০.০০০.২৭.০০১.১৮.১৪৬৭; তারিখ-০৯/০৮/২০২৩ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব নির্মল চন্দ্র সরকার, প্রভাষক (যুক্তিবিদ্যা), মধ্যনগর বিশেষত্বী পাবলিক উচ্চ বিদ্যালয় ও কলেজ, সুনামগঞ্জ জ্যেষ্ঠ প্রভাষক পদে পদোন্নতির পুনঃমূল্যায়নের লক্ষ্যে সূত্রোক্ত (১) মোতাবেক তদন্ত কর্মকর্তা মনোনয়ন দেওয়া হয়। তদন্ত কর্মকর্তা সূত্রোক্ত (২) মোতাবেক তদন্ত প্রতিবেদন প্রেরণ করেন।

তদন্ত কর্মকর্তার মতামত নিম্নরূপ:

“তদন্ত কার্যক্রমে প্রাপ্ত তথ্য ও উপাত্ত বিশ্লেষণ করে দেখা যায় যে, ১১/০৯/২০২২ তারিখে অত্র প্রতিষ্ঠানের গভর্নিংবডির সিদ্ধান্তের আলোকে জনাব নির্মল চন্দ্র সরকার, প্রভাষক (যুক্তিবিদ্যা) কে জ্যেষ্ঠ প্রভাষক পদে পদোন্নতির জন্য সুপারিশ করা হয়। কিন্তু জেলা পদোন্নতি কমিটি জনাব পূর্ণিমা রানী চৌধুরী প্রভাষক (ইংরেজী) কে ০১/১২/২০২২ খ্রি. তারিখে পদোন্নতির জন্য সুপারিশ করেন। উল্লেখ্য যে, গভর্নিংবডির সিদ্ধান্তের আলোকে জনাব নির্মল চন্দ্র সরকার, প্রভাষক (যুক্তিবিদ্যা) কে জ্যেষ্ঠ প্রভাষক পদে পদোন্নতির জন্য সুপারিশ করা হলে সেখানে প্রদত্ত নম্বর পত্র টাইপ করা দেখা যায়। কিন্তু জনাব পূর্ণিমা রানী চৌধুরী দাখিল কৃত কাগজে দেখা যায় নম্বর পত্র হাতে লিখা। তাছাড়া জনাব পূর্ণিমা রানী চৌধুরীর নম্বরপত্রে সভাপতির স্বাক্ষর নেই। কিন্তু জনাব নির্মল চন্দ্র সরকারের নম্বরপত্রে সভাপতির স্বাক্ষর আছে।


জনাব পূর্ণিমা রানী চৌধুরী, প্রভাষক (ইংরেজী) বিগত ০৯/০৬/২০১১ ইং তারিখে মধ্যনগর বিশেষত্বী পাবলিক উচ্চ বিদ্যালয় ও কলেজে যোগদান করে ০১/১১/২০১২ তারিখে এমপিওভুক্ত হন। জনাব পূর্ণিমা রানী চৌধুরী, কে জেলা প্রাথমিক শিক্ষা অফিসারের কার্যালয়ের ২৬/০৪/২০০৯ খ্রি. তারিখে নিয়োগ আদেশ অনুযায়ী রাজাপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়ে পদায়ন করা হয়। রাজাপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক বিদ্যালয়ের হাজিরা খাতা অনুযায়ী ১৬/০৬/২০১১ খ্রি. তারিখ পর্যন্ত জনাব পূর্ণিমা রানী চৌধুরী অত্র বিদ্যালয়ের শিক্ষক হিসেবে কর্মরত ছিলেন বলেন প্রত্যয়ন প্রদান করেছেন। সংশ্লিষ্ট প্রত্যয়নে উপজেলা শিক্ষা অফিসার, ধর্মপাশা তা সত্যায়িত করেছেন। পরবর্তীতে তাঁকে উপজেলা শিক্ষা অফিসারের কার্যালয়, ধর্মপাশার অফিস আদেশ অনুযায়ী ১৮/০৬/২০১১খ্রি. তারিখে খিদিরপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়ে বদলি ভিত্তিক পদায়ন করা হয়। খিদিরপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক বিদ্যালয়ের হাজিরা খাতা অনুযায়ী ২২/০৯/২০১১ খ্রি. তারিখ পর্যন্ত জনাব পূর্ণিমা রানী চৌধুরী অত্র বিদ্যালয়ের শিক্ষক হিসেবে কর্মরত ছিলেন বলেন প্রত্যয়ন প্রদান করেছেন। সংশ্লিষ্ট প্রত্যয়নে উপজেলা শিক্ষা অফিসার, ধর্মপাশা তা সত্যায়িত করেছেন। উল্লেখ্য যে, অধ্যক্ষ, মধ্যনগর বিশেষত্বী পাবলিক উচ্চ বিদ্যালয় ও কলেজ প্রত্যয়ন প্রদান করেছেন যে, জনাব পূর্ণিমা রানী চৌধুরী জানুয়ারি/২০১২ হতে অক্টোবর/২০১২ পর্যন্ত কলেজ থেকে ২৫০০/- টাকা করে বেতন গ্রহণ করেছেন। এক্ষেত্রে একই সাথে দুটি প্রতিষ্ঠানে চাকুরী করা কোনভাবে গ্রহণযোগ্য নয়।

বিগত ০৪/০৮/২০১৬ খ্রি. তারিখে জনাব পূর্ণিমা রানী চৌধুরীর অসৌজন্যমূলক আচরনের প্রেক্ষিতে ০৬/০৮/২০১৬ খ্রি. তারিখে সামাজিক সভায় তাঁকে সতর্ক করা হয় এবং ০৫/১০/২০১৬ খ্রি. তারিখে গভর্নিংবডির সভায় তীর পদোন্নতি রহিত করা সিদ্ধান্ত গৃহীত হয়। যেহেতু জনাব পূর্ণিমা রানী চৌধুরীর পদোন্নতির সিদ্ধান্ত রহিত করা হয়েছিল, সেহেতু উক্ত সিদ্ধান্ত বাতিল না করে তাহীর পদোন্নতির কাগজপত্র অগ্রায়ণ/সুপারিশ করা সমীচীন হয়নি।

অত্র প্রতিষ্ঠানের গভর্নিংবডির সভায়, জনাব নির্মল চন্দ্র সরকার, প্রভাষক (যুক্তিবিদ্যা) কে জ্যেষ্ঠ প্রভাষক পদে পদোন্নতির সুপারিশ প্রদান করা হয়, যেখানে জনাব নির্মল চন্দ্র সরকার, প্রভাষক (যুক্তিবিদ্যা) নিজে কমিটির সদস্য ছিলেন। একজন প্রার্থী হয়ে পদোন্নতি কমিটির সদস্য হওয়া সমীচীন হয়নি।

এমতাবস্থায় যেহেতু প্রক্রিয়াজনিত ত্রুটি রয়েছে, সেহেতু উক্ত পদোন্নতি বাতিল করে যথাযথ প্রক্রিয়া অনুসরণ করে বিধি মোতাবেক পুনরায় জ্যেষ্ঠ প্রভাষক পদে পদোন্নতির ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে।”

এমতাবস্থায়, বর্ণিত বিষয়ে তদন্ত কর্মকর্তার মতামতের প্রেক্ষিতে ০৫ (পাঁচ) কর্মদিবসের মধ্যে ব্যাখ্যা প্রদানের জন্য অধ্যক্ষকে এবং একই বিষয়ে মতামত প্রদানের জন্য গভর্নিংবডির সভাপতিকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



তপন কুমার দাস  
সহকারী পরিচালক (ক-৩)

ফোন: ৯৫৫৬০৫৭

ই-মেইল: [ncollege@dshe.gov.bd](mailto:ncollege@dshe.gov.bd)

- ০১। সভাপতি, গভর্নিংবডি, মধ্যনগর বিশ্বেশ্বরী পাবলিক উচ্চ বিদ্যালয় ও কলেজ, মধ্যনগর, সুনামগঞ্জ;
- ০২। অধ্যক্ষ, মধ্যনগর বিশ্বেশ্বরী পাবলিক উচ্চ বিদ্যালয় ও কলেজ, মধ্যনগর, সুনামগঞ্জ;

অনুলিপি সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সিলেট অঞ্চল, সিলেট
- ০২। জেলা শিক্ষা অফিসার, সুনামগঞ্জ, সিলেট (পত্রটি প্রাপকের নিকট পৌছানোর অনুরোধসহ)
- ০৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ই. এম. আই. এস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (পত্রটি মাউশি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ) এবং
- ০৪। সংরক্ষণ নথি।